

## মাস্টার্সের রেজাল্টের মান দুরকম ধরা হবে কেন?

পাসকোর্সে পড়ে মাস্টার্স করেছি। কিন্তু নিজেকে মাস্টার্স পাস বলতে গিয়ে  
নিজেরই মাথা হেঁট হয়ে আসে। অনার্স পড়িনি এটাই অপরাধ। আজকের দিনে  
একটা চাকরি পাওয়া কত কঠিন। কিন্তু চাকরির দরখাস্ত করতে না পারার মতো  
দুঃখজনক আর কিছু হতে পারে না। বাংলাদেশে লক্ষ লক্ষ বেকার রয়েছে, যারা  
ওধু পাসকোর্সে পড়ার কারণে অধিকাংশ চাকরির দরখাস্ত করতে পারছে না।  
চাকরির ক্ষেত্রে যেখানেই মাস্টার্স পাস চাওয়া হয়, সেখানে অনার্স ও মাস্টার্স  
দ্বিতীয় শ্রেণী কিংবা মাস্টার্সে প্রথম শ্রেণী চাওয়া হয়। অর্থাৎ আমরা যারা পাস  
কোর্সের তাদের অবশ্যই প্রথম শ্রেণী থাকতে হবে মাস্টার্সে। এ কারণে অনার্সে  
চারটি দ্বিতীয় শ্রেণী থাকলেও যেখানে দরখাস্ত করা যায় সেখানে পাসকোর্সে  
তিনটি প্রথম শ্রেণী পেয়েও ওধু মাস্টার্সে দ্বিতীয় শ্রেণী পাওয়ার অপরাধে দরখাস্ত  
করার যোগ্য হয় না। অথচ মাস্টার্সে সবারই একই সিলেবাস এবং একই  
প্রশ্নপত্র পরীক্ষা হয়। এছাড়াও আমাদের প্রিলিমিনারী পরীক্ষায় পাস করে  
তারপর মাস্টার্স পরীক্ষা দিতে হয়। তাহলে কোন যুক্তিতে মাস্টার্সের রেজাল্টের  
মান দুরকম ধরা হবে? যদি সমতা করতেই হয় তাহলে মাস্টার্সের সবার  
রেজাল্টের মান একই ধরে যুক্তিসঙ্গত পয়েন্টের ভিত্তিতে করা হোক, যাতে  
আমরা পাসকোর্সে পড়া ছাত্ররাও সকল ক্ষেত্রে দরখাস্ত করতে পারি। এ  
ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

হাফিজুর রহমান  
কালীগঞ্জ, সুভাঢ্যা, কেরানীগঞ্জ, ঢাকা